দামুড়হুদায় তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলা উদ্বোধন

যশোর অঞ্চলে টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলা-২০২৬ উপলক্ষে তিন দিনব্যাপী একটি কৃষি মেলা অনুষ্ঠিত হচ্ছে। দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বরে এ মেলার আয়োজন করা হয়।

মঙ্গলবার বেলা ১২টায় উপজেলা চত্বর থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালি শেষে আনুষ্ঠানিকভাবে তিন দিনব্যাপী কৃষি প্রযুক্তি প্রদর্শন মেলার শুভ উদ্বোধন করেন আলমগীর বিশ্বাস, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর অঞ্চল।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, উত্তম কৃষি চর্চা ও আধুনিক প্রযুক্তি গ্রহণের ফলে আগে যেখানে বিঘা প্রতি ৮-১০ মন ধান উৎপাদন হতো, সেখানে বর্তমানে ২০-২৫ মন পর্যন্ত উৎপাদন সম্ভব হচ্ছে। প্রযুক্তির ব্যবহারে উৎপাদন খরচ কমে আসছে এবং ফলন বৃদ্ধি পাচ্ছে।

তবে কৃষকদের এসব প্রযুক্তি সম্পর্কে জানাতে ও বোঝাতে হবে, কারণ মাঠ পর্যায়ে কাজ করেন তারাই। আধুনিক কৃষি প্রযুক্তির কারণে এ অঞ্চলে কৃষি এখন আগের চেয়ে অনেক বেশি সফল ও উন্নত হয়েছে। মেলায় কৃষকদের মতামত গ্রহণের জন্য একটি মতামত বই রাখা হয়েছে। সংশ্লিষ্টরা সকল দর্শনার্থী ও কৃষকদের অন্তত দুই-এক লাইন মতামত লেখার আহ্বান জানান, যাতে ভবিষ্যতে কৃষি কার্যক্রম আরও উন্নত করা যায়।

চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মোঃ মাসুদুর রহমান সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব রবিউল ইসলাম এবং দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার মোঃ উবায়দুর রহমান সাহেল।

এ সময় আরও উপস্থিত ছিলেন এবং অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশসহ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের

বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

তিন দিনব্যাপী এ কৃষি মেলায় মোট ১৬টি প্রদর্শনী স্টল রয়েছে, যার মধ্যে ৫টি উদ্যোক্তা স্টল। মেলায় আধুনিক কৃষি প্রযুক্তি, যন্ত্রপাতি, উন্নত বীজ, সার ব্যবস্থাপনা ও টেকসই কৃষি চর্চা বিষয়ে কৃষকদের হাতে-কলমে ধারণা দেওয়া হচ্ছে। প্রকল্পের আওতায় কৃষকদের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন যন্ত্রপাতি ও সহযোগিতা প্রদান করা হবে বলে জানানো হয়। অনুষ্ঠানটির সঞ্চালনা করেন উপজেলা অতিরিক্ত কৃষি কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস। এ সময় বিপুল সংখ্যক কৃষক ও কৃষাণী মেলায় উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে কৃষি সচেতনতা বিষয়ক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দামুড়হুদায় চায়না দুয়ারি জাল ধ্বংস ও সার ব্যবসায়ীকে ২০ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় পৃথক দুটি ইউনিয়নে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। গতকাল সোমবার দুপুর ১টার দিকে এসব অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শাহিন আলম।

অভিযান সূত্রে জানা গেছে, সোমবার বেলা ১টার সময় উপজেলার কুড়ালগাছি ইউনিয়নের মাথাভাঙ্গা নদীর গলাইদড়ি সেতুর পার্শ্ববর্তী এলাকায় একটি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযানে নদীতে অবৈধভাবে স্থাপিত দুটি পাটা বাঁধ অপসারণ করা হয়। এ সময় প্রায় ১ হাজার মিটার নিষিদ্ধ চায়না দুয়ারি জাল জব্দ করে আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়। অভিযানে উপজেলা মৎস্য কর্মকর্তা সার্বিক সহায়তা প্রদান করেন।

পরবর্তীতে জুড়ানপুর ইউনিয়নে পৃথক আরেকটি মোবাইল কোর্ট অভিযান

পরিচালনাকালে অনিয়মের দায়ে এক জন সার ব্যবসায়ীকে ২০ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হলেন উপজেলার হাউলী গ্রামের সুরত আলীর ছেলে আজিজুর রহমান। এ অভিযানে অতিরিক্ত উপজেলা কৃষি কর্মকর্তা সহায়তা করেন।

উভয় অভিযানই পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শাহিন আলম।

উপজেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে, নদীর স্বাভাবিক প্রবাহ রক্ষা, অবৈধ মাছ শিকার প্রতিরোধ এবং কৃষি খাতে শৃঙ্খলা বজায় রাখতে এ ধরনের অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘ’র শীতবস্ত্র উপহার বিতরণ

দামুড়হুদায় “ওরা বন্ধু সংঘ”র উদ্যোগে ছাতিয়ানতলা ও কানাইডাঙ্গা গ্রামে শীতবস্ত্র উপহার বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৪টার দিকে “হাসবো মোরা প্রাণ খুলে, বাঁচবো সবাই মিলেমিশে” এই স্লোগান ধারণ করে উপজেলার নাটুদহ, কার্পাসডাঙ্গা ইউনিয়নের হাতিয়াতলা ও কানাইডাঙ্গা গ্রামে বিধবা, অসহায় ও নিম্নবিত্ত পরিবারের মাঝে শীতবস্ত্র উপহার (কম্বল) বিতরণ করা হয়।

ওরা বন্ধুর সংঘ’র প্রতিষ্ঠাতা ও সভাপতি দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মোঃ মুরশেদ বীন ফয়সাল (তানজির)-এর সভাপতিত্বে শীত নিবারণের জন্য শীতবস্ত্র (কম্বল) উপহার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিশিষ্ট সমাজসেবক, দেশ ব্রিকস এর স্বত্বাধিকারী মো: আব্দুল কাদির।

শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানের পূর্বে সংক্ষিপ্ত বক্তব্যে তিনি বলেন, সকলের চেষ্টা ও সহযোগিতায় আমাদের সমাজের পিছিয়ে পড়া

মানুষগুলোর শীত নিরাময়ের জন্য নিজ নিজ দায়িত্ব আর কর্তব্য থেকে এগিয়ে আসার মাধ্যমেই রচিত হবে মানবিক সেতুবন্ধন। তিনি বলেন, মহান আল্লাহর ইচ্ছাতে প্রকৃতির অঘোর নিয়মে ঋতুর পালাবদল ঘটে।সত্য প্রবাহ ও কনকনে হিমেল হাওয়া দরিদ্র নিম্নবিত্ত পরিবারের সকলের জন্য বিরূপ প্রভাব ফেলে এসময় প্রকৃতি মানুষের অসহায়ত্বকে আরও প্রকট করে তোলে।সর্বোপরি এ ধরনের কার্যক্রমে সকল শ্রেণী পেশার বৃত্তশালী মানুষদের পাশে থাকার উদাত্ত আহ্বান জানান।

“ওরা বন্ধু সংঘে’র সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক মিরাজুল ইসলাম মিরাদের সঞ্চালনা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইঞ্জিনিয়ার আক্তারুল ইসলাম, ইঞ্জিনিয়ার শাহাজান আলী। অন্যদের মাঝে উপস্থিত ছিলেন, সাব্বির হোসেন, তিতুয়ার রহমান সহ উপকার ভোগীরা।

শীতবস্ত্র হাতে পেয়ে অনুভূতি প্রকাশ করেন, ৬৫ ঊর্ধ বিধবা উজানী, কমলা, খিলা খাতুন জানান, এর আগে আমরা কখনো কোনো প্রতিষ্ঠান বা সরকারিভাবে কম্বল পায়নি। এই প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রথম শীতবস্ত পেলাম। যে সে পড়ছে এই শীতে বাঁচবো কি মরবো জানিনা। এই কম্বলটা পেয়ে অন্তত কিছুদিন শান্তিতে ঘুমাতে পারবো। আমরা দোয়া করি এই প্রতিষ্ঠানে যারা আছে তারা আরো বেশি বেশি মানুষের পাশে থাকুক। তাদের জন্য আমরা দোয়া করি আল্লাহ তাদেরকে আরও বেশি বেশি অসহায় দুস্থ বিধবা মানুষের পাশে দাঁড়িয়ে সহযোগিতা করতে পারে।

সংগঠনের প্রতিষ্ঠাতা ও সভাপতি মুরশেদ বীন ফয়সাল (তানজির) বলেন, আমাদের সমাজের সংগতি সম্পন্ন ও সচ্ছল মানুষের ঘরে শীতকাল আনন্দ ও খুশির বার্তাবহ হলেও দেশের বৃহত্তর জনজীবনে ঈদ বেদনার ধূসর বার্তা বাহক মাত্র।

শীতকালীন সময়ে শীতবস্ত্রের অনেক প্রয়োজন থাকলেও আমাদের সংগঠন ওরা বন্ধু সংঘ গুটি কয়েক মানুষের সহযোগিতায় আপনাদের মধ্যে শীতবস্ত্র পৌঁছে দিতে পারছি, এটি সত্যি আনন্দের। দামুড়হুদায় ওরা বন্ধু সংঘের উদ্যোগে শীতবস্ত্র উপহার বিতরণ কর্মসূচি’র শুভ উদ্বোধন করা হয়েছে। আমরা বিশ্বাস করি, এরই মাধ্যমে প্রকাশ পায় আপনাদের প্রতি আমাদের মমত্ব ও ভালবাসা।

আমাদের সংগঠনের জন্য দোয়া করবেন, যারা আমাদের এ কার্যক্রম চালিয়ে যাওয়ার অনুপ্রেরণা দিয়েছেন সহযোগিতা করেছেন তাদের সকলের জন্য দোয়া করবেন। সর্বোপরি আপনাদের সকলের সুস্বাস্থ্য মঙ্গল কামনা করছি।

জাতীয় শিক্ষা সপ্তাহে রচনা প্রতিযোগিতায় প্রথম দামুড়হুদার রেসিডেন্সিয়াল স্কুলের দুই শিক্ষার্থী

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উপলক্ষে আয়োজিত বাংলা ও ইংরেজি রচনা প্রতিযোগিতায় দামুড়হুদা উপজেলায় প্রথম স্থান অর্জন করেছে দামুড়হুদা রেসিডেন্সিয়াল আইডিয়াল স্কুলের দুই কৃতি শিক্ষার্থী।

উপজেলার একমাত্র প্রতিষ্ঠান হিসেবে জেলা পর্যায়ে প্রতিনিধিত্ব করার গৌরব অর্জন করেছে এই শিক্ষা প্রতিষ্ঠান, যা তাদের শিক্ষা কার্যক্রম ও সক্ষমতার উজ্জ্বল প্রমাণ। গত বুধবার সকাল ১০টায় দামুড়হুদা পাইলট গার্লস স্কুলে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় উপজেলার মোট ৫৩টি স্কুলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় বাংলা ও ইংরেজি রচনা বিভাগে দামুড়হুদা রেসিডেন্সিয়াল আইডিয়াল স্কুলের ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী লামিয়া হোসেন লুবনা এবং সপ্তম শ্রেণির শিক্ষার্থী রাবিয়া বসরি নিজ নিজ বিভাগে প্রথম স্থান অর্জন করে।

এই সাফল্যের মাধ্যমে তারা জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের যোগ্যতা অর্জন করেছে।

প্রতিষ্ঠানের পরিচালক ও প্রধান শিক্ষক জসিম উদ্দিন বলেন, আমাদের শিক্ষার্থীদের এই সাফল্য আমাদের জন্য অত্যন্ত গর্বের বিষয়। এর আগেও আমাদের প্রতিষ্ঠানের শিক্ষার্থী প্রাথমিক পর্যায়ে দেশসেরা বৃত্তি অর্জন করেছে। শিক্ষকদের নিবিড় তত্ত্বাবধান, শিক্ষার্থীদের পরিশ্রম এবং অভিভাবকদের সহযোগিতার ফলেই আজ এই অর্জন সম্ভব হয়েছে।

এই অর্জনে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের মাঝে আনন্দ ও উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়েছে।

দামুড়হুদায় এসএসসি ৯২ ব্যাচের উদ্যোগে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের শীতপ্রবণ জেলা চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় এসএসসি ১৯৯২ ব্যাচের উদ্যোগে শীতার্ত ও অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করা হয়েছে। কনকনে শীতের মধ্যে মানবিক সহায়তা পৌঁছে দিতে গতকাল সোমবার বিকাল ৩টায় উপজেলার দশমী ঈদগাহ মাঠে এই শীতবস্ত্র বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেল। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দামুড়হুদা উপজেলা শীতপ্রবণ এলাকা হওয়ায় এখানকার দরিদ্র ও ছিন্নমূল মানুষ শীতকালে সবচেয়ে বেশি কষ্টের সম্মুখীন হন। এমন বাস্তবতায় এসএসসি ’৯২ ব্যাচের এই উদ্যোগ সত্যিই প্রশংসনীয় ও অনুকরণীয়। দীর্ঘ সময় পেরিয়ে গেলেও বন্ধুদের মধ্যে যে ভ্রাতৃত্ববোধ ও সামাজিক দায়বদ্ধতা আজও অটুট রয়েছে, তা আমাদের সমাজের জন্য এক অনন্য দৃষ্টান্ত। শুধু নিজেদের মধ্যে মিলনমেলায় সীমাবদ্ধ না থেকে অসহায় মানুষের পাশে দাঁড়ানোই প্রকৃত মানবিকতা।

তিনি আরও বলেন, এই ধরনের সামাজিক উদ্যোগ সমাজে ইতিবাচক পরিবর্তন আনে এবং নতুন প্রজন্মকে মানবিক কাজে উৎসাহিত করে। ভবিষ্যতেও এমন কার্যক্রম অব্যাহত থাকবে বলে আমি আশাবাদী। এসএসসি ’৯২ ব্যাচ দামুড়হুদা উপজেলার সভাপতি নাসির উদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন, সংগঠনের সিনিয়র সহ-সভাপতি ও দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, দামুড়হুদা মডেল থানার পক্ষে এসআই উত্তম, সংগঠনের সাধারণ সম্পাদক আল হেলাল রাজা, মাহফুজুর রহমান বেল্টু, আব্দুল হালিম ভুট্টু, সাইফুল ইসলাম, জাহাঙ্গীর হোসেন লিটন, তাহাজ উদ্দিন তাজু, আব্দুল মমিন, আলাউল হক, আসাদুর রহমান বাদশা, আব্দুর রশিদ, আব্দুল গাফফার শক্তি,

আসলাম উদ্দীন, ইকবাল হোসেন, একরামুল হক লিটন, আব্দুল খালেক, একরামুল হকসহ ব্যাচের অন্যান্য সদস্যবৃন্দ।

অনুষ্ঠান শেষে শীতার্ত মানুষের হাতে কম্বল তুলে দেওয়া হলে উপকারভোগীরা আয়োজকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

দামুড়হুদায় ওরা বন্ধু সংঘের উদ্যোগে শীতবস্ত্র উপহার বিতরণ

দামুড়হুদায় ‘ওরা বন্ধু সংঘ’র উদ্যোগে উপজেলার বিভিন্ন গ্রামের বিধবা, এতিম, প্রতিবন্ধী, স্বামী পরিত্যাক্তা, বৃদ্ধা ও অসহায় দিনমজুর পরিবারের মাঝে শীতবস্ত্র উপহার বিতরণ কর্মসূচির শুভ উদ্বোধন করা হয়েছে। সংশ্লিষ্ট সকলে জানিয়েছেন, সংগঠনটির প্রধান এবং মুখ্য উদ্দেশ্য ও লক্ষ্য জনকল্যাণে কাজ করে যাওয়া।

মৃদু শৈত্য প্রবাহে চুয়াডাঙ্গা জেলা তথা দামুড়হুদায় কনকনে ঠান্ডায় কাঁপছে জনজীবন। হিমেল বাতাসে জেঁকে বসেছে হার কাপানো শীত। তীব্র শীতের প্রভাবে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন দিনমজুর বৃদ্ধা, খেটে খাওয়া ও নিম্নবিত্তের মানুষ। এই তীব্র শীতের কনকনে ঠান্ডায় দুর্ভোগ লাগাবে প্রতিবছরের ন্যায় এবছরও দামুড়হুদা উপজেলা সদরে প্রতিষ্ঠিত সম্পূর্ণ অরাজনৈতিক ও আলাভজনক স্বেচ্ছাসেবী সেবামূলক সংগঠন ‘ওরা বন্ধুসংঘ’র উদ্যোগে ৪ দিনব্যাপী শীতবস্ত্র উপহার বিতরণ কর্মসূচি পালন করা হবে। এই উপলক্ষে গতকাল রবিবার বিকাল ৩ টার সময় দামুড়হুদা ব্রিজরডস্থ লেখাপড়া কোচিং সেন্টারের একাডেমিক ভবনে সংগঠনটির ৪ দিনব্যাপী এ কর্মসূচি শুভ উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে ৬০জন বিধবা, দিনমজুর, অসহায় পরিবারের নারী-পুরুষের মাঝে শীতবস্ত্র উপহার বিতরণ করা হয়।

ওরা বন্ধু সংঘ’র প্রতিষ্ঠাতা সভাপতি, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো: মুরশেদ বীন ফয়সাল (তানজির) এর সভাপতিত্বে

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, এলজিইডি’র দামুড়হুদা উপজেলা কার্যালয়ের অবসরপ্রাপ্ত উপজেলা প্রকৌশলী মোঃ আব্দুর রশিদ। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, বিশিষ্ট সমাজ সেবক হাজী আব্দুল কাদির।

‘ওরা বন্ধু সংঘ’র সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান সজিবের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সংগঠনের উপদেষ্টা দামুড়হুদা সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের সচিব নাঈম হোসেন, উপসহকারী প্রকৌশলী আক্তারুল ইসলাম, আক্তার রসুল (পরামর্শক, এলজিইডি), সিনিয়র সাংবাদিক হাবিবুর রহমান হবি, বিশিষ্ট ঔষধ ব্যবসায়ী মাকসুদুর রহমান রতন, ঠিকাদার প্রতিষ্ঠান হ্যান্সি এন্টার প্রাইজের স্বত্বাধিকারী জাহিদ হাসান, ডিনার এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী খায়রুল কবির দিনার। ওরা বন্ধুর সংঘের সদস্য, তিতুয়ার রহমান, সজল প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে প্রকৌশলী আব্দুর রসিদ বলেন, শীত মৌসুমে অসহায় ও দুস্থ মানুষের পাশে দাঁড়ানো একটি মানবিক দায়িত্বও কর্তব্য। এ ধরনের সামাজিক কার্যক্রম সমাজে মানবিক মূল্যবোধ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।ভবিষ্যতেও ওরা বন্ধু সংঘ এ ধরনের জনকল্যাণমূলক কর্মসূচি অব্যাহত রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন তারা। এ সময় উপস্থিত সকলে প্রতিষ্ঠানের উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তব্যে হাজী আব্দুল কাদির বলেন, ওরাবন্ধু সংঘ” দামুড়হুদায় ২০০৩ সালের ১২ই মার্চ যাত্রা শুরু করেন।প্রথম থেকে বিভিন্ন খেলাধুলার মধ্যে সীমাবদ্ধ থাকলেও, পরবর্তীতে সামাজিক দায়বদ্ধতা থেকে সংগঠনের সিদ্ধান্ত নেয়, খেলাধুলার সাথে সাথে সমাজের মানুষের নানা উন্নয়নে কাজ করতো। মূলত সে থেকেই সমাজের অসহায় বিধবা প্রতিবন্ধী, দিনমজুর ভ্যানচালক সহ নিম্নবিত্ত পরিবারের পাশে রয়েছে। সংগঠনের মানবিক বিভিন্ন কার্যক্রমের জন্য দামুড়হুদায় একটি বিশ্বস্ত ও পরিচিতি স্বেচ্ছাসেবী সংগঠন হিসেবে পরিচয় লাভ করেছে। কাজেই মানব সেবা কে কেন্দ্র করে ভবিষ্যতেও এই ধরনের কার্যক্রম আরো জোরদার করার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। শীতবস্ত্র পেয়ে অনুভূতি ব্যক্ত করে দিনমজুর আব্দুস সামাদ, মোতালেব, রজব আলী বলেন, এই সংগঠনের মাধ্যমে আমি সহ আমার মত অনেকেই বিভিন্ন ধরনের সহায়তা পেয়ে আসছেন। এই তীব্র শীতে একটি কম্বল পেয়ে আমার পরিবারের খুব উপকার হলো।

সাংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মো: মোরশেদ বিন ফয়সাল (তানজির) বলেন, মহান আল্লাহর ইচ্ছাতে দীর্ঘ এক যুগেরও বেশি সময় ধরে সংগঠনের উদ্যোগে প্রতি বছরে শীত বস্ত্র বিতরণের সাথে সাথে আমাদের সমাজের এতিময় বিধবা দিনমজুর প্রতিবন্ধী সহ বিভিন্ন শ্রেণীর মানুষের মধ্যে ঈদ পার্বনে ঈদ সামগ্রীর বিতরন কর্মসূচি পালন করা হয়। আমরা উদ্যোগ গ্রহণ করেছি, আর গুটি কয়েক মানবিক মানুষের সহযোগিতায় সেবামূলক কাজ করার অনুপ্রেরণা পেয়েছি ইনশাল্লাহ। সংগঠন সহ আমি ব্যক্তিগতভাবে এ ধরনের মানব কল্যাণে যে সকল ভাই বন্ধুরা আমাকে সহযোগিতা করেছেন উৎসাহ প্রেরণা যুগিয়ে সহযোগিতা করেছেন আমি প্রত্যেকের জন্য প্রাণ খুলে দোয়া ও সুস্থতা কামনা করছি।

অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতা করেন, ওরা বন্ধু সংঘ’র সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক দামুড়হুদা প্রেসক্লাবের সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ।

দামুড়হুদায় ১০ পিস ইয়াবাসহ দুই যুবক গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে দুইজন মাদক কারবারিকে গ্রেফতার করা হয়েছে। এ সময় তাদের কাছ থেকে ১০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।

রবিবার বেলা সাড়ে ১১টার দিকে গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়। গ্রেফতারকৃতরা হলেন দামুড়হুদা উপজেলার চারুলিয়া (খাঁ পাড়া) গ্রামের মতেহারের ছেলে ইমরান শেখ (৩০) এবং একই গ্রামের মৃত জামাল উদ্দিন শেখের ছেলে সবুজ শেখ (৩০)।

পুলিশ সূত্রে জানা গেছে, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিনের দিকনির্দেশনায় গত শনিবার দিবাগত রাত ১০টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার ভগিরাথপুর এলাকার আমিরুলের রাইচ মিলের সামনে পাকা রাস্তার ওপর অভিযান চালানো হয়। এ সময় অবৈধ মাদকদ্রব্য ১০ পিস ইয়াবাসহ ওই দুই যুবককে গ্রেফতার করে

পুলিশ।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। রবিবার তাদেরকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়।

দামুড়হুদা মডেল থানা পুলিশ জানায়, মাদক নির্মূলে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিন বলেন, “ইয়াবাসহ দুইজনকে গ্রেফতার করা হয়েছে। তাদের বিরুদ্ধে মামলা দায়ের করে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।”

দামুড়হুদায় খালেদা জিয়ার রুহে’র মাগফিরাত কামনায় স্মরণ সভা ও দোয়া মাহফিল

জাতীয় ঐক্যের প্রতিক, বাংলাদেশের অবিসংবাদিত অভিভাবক ও তিন বারের সাবেক সফল প্রধানমন্ত্রী বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়া’র রুহে’র মাগফেরাত কামনায় স্বরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬টায় হাউলী ইউনিয়ন ৩নং ওয়ার্ড যুবদলের আয়োজনে জয়রামপুর স্টেশন সংলগ্ন আখ সেন্টার নামক স্থানে এ স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে হাউলী ৩নং ওয়ার্ড বিএনপি’র ভারপ্রাপ্ত সভাপতি আবু হাসান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির। এসময় উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী, ৩নং ওয়ার্ড বিএনপি’র সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, ইউনিয়ন বিএনপি’র সিনিয়র নেতা পিয়ার মোহাম্মদ, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর

রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক সোহেল রানা, উপজেলা যুবদলের সদস্য মমিনুল ইসলাম মমিন, হাউলী ইউনিয়ন যুবদলের অন্যতম নেতা আরিফুল ইসলাম আরিফ, কৃষক দলের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মমিন, ছাত্রদলের সভাপতি ফারুক হোসাইন বাবু, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক তামিম হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা বিএনপি’র সহসভাপতি মনিরুজ্জামান মনির বেগম খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনা করে বলেন, এ দেশের গণতন্ত্র ও ভোটাধিকার রক্ষার আন্দোলনে বেগম খালেদা জিয়ার ভূমিকা ইতিহাসে অনন্য ও অবিস্মরণীয়। বেগম খালেদা জিয়ার আদর্শ, ত্যাগ ও রাজনৈতিক দর্শন বিএনপি নেতাকর্মীদের জন্য আজও প্রেরণার উৎস।

স্মরণ সভায় বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। একই সঙ্গে দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, জেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক শাকিল আহমেদ। দোয়ার অনুষ্ঠান পরিচালনা করেন, জেলা উলামা দলের সদস্য হাফেজ মাওলানা নাজমুল হুসাইন বিপ্লবী। অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন, দামুড়হুদা উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য হুমায়ুন কবির ডাবলু।

দামুড়হুদায় সার ডিলারদের সাথে প্রশাসনের মতবিনিময় সভা

দামুড়হুদায় উপজেলার বিসিআইসি ও বিএডিসি সার ডিলারদের সাথে উপজেলা প্রশাসনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার সময় ” কৃষিই সমৃদ্ধি” এই স্লোগানকে সামনে রেখে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে পরিষদের সভাকক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তারের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি ছিলেন, নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেল।

এসময় তিনি উপজেলার বিআইসি ও বিএডিসি সার ডিলারদের উদ্দেশ্যে বলেন একজন প্রকৃতি কৃষক ছাড়া অন্য কোন সার ব্যবসার নামে বালাই নাশক ব্যবসায়ি, রাজনৈতিক দলের নামে, ভূয়া কৃষক সাজিয়ে সিন্ডিকেট করে সার উত্তল করছে এরকম কাউকে এক ছটাক সারও দেওয়া যাবে না। এসব অনিয়ম করে সার দেওয়ার ব্যাপারে আপনারা ডিলারদের সহযোগিতা আছে ইতিমধ্যে তদন্ত করে আমি জানতে পেরেছি। আপনারা ডিলাররা অধিক লাভের আশায় এসব অনিয়ম করছেন। আপনারা ডিলারশীপ চালাতে গিয়ে যদি সরকারি কোন আইন কানুন না মানেন, যেমন সার ডিলারশীপের সাথে বালাইনাশক, তেল ও ফ্লেক্সিলোডসহ অন্য কোন ব্যবসা করা যাবে না। কৃষকদের স্বার্থ রক্ষার্থে আপনাদের শুধু সার বেঁচা বিক্রি করতে হবে। কৃষকদের সাথে খারাপ আচরণ করা যাবে না। আপনার সার ডিলারশীপ ব্যবসায় যদি লাভ না থাকে তাহলে ডিলারশীপ ছেড়ে দেন। আমরা প্রশাসন অন্য কাউকে দিয়ে ডিলারশীপ চালাতে পারি কী দেখি। আপনারা ডিলারশীপ ছাড়বেন না আবার অধিক মুনাফা লাভের আশায় কৃষকদের সাথে খারাপ আচরণ করবেন, সরকারি নীতিমালার বাইরে গিয়ে অনিয়ম দুর্নীতি করবেন এব্যাপারে প্রশাসন চুপ করে বসে থাকবে না জেল জরিমানার পাশাপাশি ডিলারশীপ বাতিল করা হবে।

এসময় তিনি আরো বলেন, আপনারা আমার কথায় রাগ করবেন না, আমার কৃষক ভাইদের বৃহত্তর স্বার্থের কথা চিন্তা করে আগামীতে ডিলারদের অনিয়ম দূর্নীতির বিরুদ্ধে কঠোরভাবে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হবে। যতবড় ক্ষমতায়শালী আপনি হন কেন কোনো সুপারিশ মানা হবে না।বিএডিসি সার ডিলাররা কোন ভাবেই ইউরিয়া সার বিক্রি করতে পারবেন না। বিএডিসি সার ডিলারদের ঘরে ইউরিয়া সার থাকলে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে যোগাযোগ করে সারগুলো সরিয়ে নেওয়ার ব্যবস্থা করবেন। মিটিং পরবর্তীতে অভিযান পরিচালনা করার সময় কোনো সুপারিশ সহ্য করা হবে না।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহীন আলম, অতিরিক্ত কৃষি কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল-সাবাহ্, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক ইয়াসিন আলী, বিএডিসি সার ডিলার উপজেলা কমিটির সভাপতি আজিজুর রহমান,সাধারণ সম্পাদক আবুজর গিফারীসহ উপজেলার সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা, ব্লক সুপারভাইজার, বিসিআইসি ও বিএডিসি সার ডিলারগণ।

দামুড়হুদা সদর ইউনিয়নে মোবাইল কোর্ট পরিচালনা; দুই প্রতিষ্ঠানের জরিমানা

দামুড়হুদা সদর ইউনিয়নে মোবাইল কোর্ট পরিচালনা করে দুই প্রতিষ্ঠানের ৬ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

গতকাল বুধবার বেলা সাড়ে ৩টার দিকে সদর ইউনিয়নের উজিরপুর ও দেউলির মোড়ে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শাহিন আলম।

মোবাইল কোর্ট সুত্রে জানা গেছে, অভিযানের সময় বিভিন্ন ফার্মেসিতে অনুমোদনবিহীন ও ভেজাল ওষুধ, স্যাম্পল ওষুধ বিক্রি, অ্যান্টিবায়োটিক রেজিস্টার সংরক্ষণসহ সংশ্লিষ্ট বিষয়গুলো মনিটরিং করা হয়। অভিযানকালে ওষুধ ও কসমেটিকস আইন, ২০২৩ অনুযায়ী উজিরপুর

সেবা ফার্মেসির মালিক রাজিবুল ইসলামকে ৫ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। এসময় জেলা ঔষধ তত্ত্বাবধায়ক উপস্থিত ছিলেন। এছাড়াও এলপিজি গ্যাস ও জ্বালানি তেল বিক্রির ক্ষেত্রে বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স, ফায়ার লাইসেন্স ও মূল্য তালিকা প্রদর্শনের বিষয়গুলো তদারকি করা হয়। অভিযানে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী দেউলির মোড়ে গ্যাস সিলিন্ডারের ব্যবসায়ী ইয়াসিন আলীকে ১ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনা করেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহিন আলম। সংশ্লিষ্টরা জানান, জনস্বার্থে এ ধরনের অভিযান নিয়মিত অব্যাহত থাকবে।